



২৪ আগস্ট, ২০২২

বাজুস/জেলা শাখা/১১৩/২১৫/২০২২

বরাবর
সভাপতি/সাধারণ সম্পাদক
বাংলাদেশ জুয়েলার্স এসোসিয়েশন
সকল জেলা শাখা

বিষয়: বাজুস সদস্য প্রতিষ্ঠানের মালিকের নামে আইডি কার্ড, সনদপত্র ও শোর্কমের জন্য স্টিকার প্রদান প্রসঙ্গে।

জনাব
শুভেচ্ছা জানবেন। আপনাদের জানানো যাচ্ছে যে, বাংলাদেশ জুয়েলার্স এসোসিয়েশন-বাজুসের সেবার মান বৃদ্ধির লক্ষ্যে জেলা, উপজেলা/থানা পর্যায়ে সদস্যভুক্ত জুয়েলারী প্রতিষ্ঠানের মালিকের নামে আইডি কার্ড, সনদপত্র ও শোর্কমের জন্য স্টিকার প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়েছে।

এ জন্য ১৫০০/- টাকা ফি নির্ধারণ করা হয়েছে। উল্লেখ্য জেলা ও উপজেলা/থানা শাখায় রশিদের মাধ্যমে ৫০০/- টাকা জমা রাখবেন এবং কেন্দ্রীয় কার্যালয়ে প্রতিষ্ঠান প্রতি ১০০০/- টাকা প্রদান করে রশিদ সংগ্রহ করবেন।

এমতাবস্থায় আপনাদের জেলা ও উপজেলা/থানা শাখার সদস্যভুক্ত জুয়েলারী প্রতিষ্ঠানের মালিকের নামে আইডি কার্ড, সনদপত্র ও শোর্কমের জন্য স্টিকার প্রদানের লক্ষ্যে বর্ণিত ফি, এককপি পাসপোর্ট সাইজ ছবি ও প্রতিষ্ঠানে ভিজিটিং কার্ড (ইংরেজীতে লেখা) আগামি ১৫ সেপ্টেম্বর, ২০২২ এর মধ্যে বাজুস কার্যালয়ে প্রেরণ করার জন্য অনুরোধ জানাচ্ছি।

ধন্যবাদসহ-

এম. এ. ওয়াদুদ খান
চেয়ারম্যান
বাজুস স্ট্যান্ডিং কমিটি অন ল এন্ড মেম্বারশিপ